# M.A. Part-II Examination 2009

## বাংলা

সপ্তম পত্র

*পূর্ণমান* : ১০০

*সময়* : ৪ ঘন্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

**প্রথমার্ধ**

[ মান : ৫০ ]

**ক-বর্গ**

১। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও :

(ক) 'বাল্মীকির রামায়ণ ইতিহাস, পুরাণ বা ধর্মশাস্ত্র নয়, মহাকাব্য'— এ কথার যৌক্তিকতা প্রতিপাদন করো। প্রসঙ্গতঃ রামায়ণকথাশ্রয়ী বাংলা সাহিত্যের ছটি উল্লেখ্য রচনার নাম রচয়িতার নামসহ উল্লেখ করো। ১২ + ৩

(*খ*) সংস্কৃত নাট্যসাহিত্যে কালিদাসের অদ্বিতীয়তার কারণ উল্লেখ করো। বাংলা নাট্য সাহিত্যকে কালিদাস কীভাবে প্রভাবিত করেছেন তার সংক্ষিপ্ত স-দৃষ্টান্ত পরিচয় দাও। ১২ + ৩

(*গ*) 'সংস্কৃত গদ্যসাহিত্যের মুকুটহীন সম্রাট্ বাণভট্ট' — এই উক্তির তাৎপর্য পরিস্ফুট করো। বাণভট্টের রচনাশৈলী ও বাঙ্‌নির্মিতি প্রসঙ্গে রবীন্দ্রনাথের পর্যবেক্ষণ ব্যক্ত করো। ১২ + ৩

২। সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো *দুইটি*): ৫ + ৫

(*ক*) ঋগ্বেদসংহিতা,

(*খ*) মেঘদূতম্,

(*গ*) মাঘ,

(*ঘ*) উত্তররামচরিতম্।

## খ-বর্গ

### ( *ইংরেজী সাহিত্যের ইতিহাস* )

১। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ × ১

( *ক* ) কবি কীটসের কাব্যবৈশিষ্ট্য আলোচনা করে বাংলা সাহিত্যে তাঁর প্রভাবের পরিমান নির্ণয় করো।

( *খ* ) ইয়েটসের কাব্যবৈশিষ্ট্য আলোচনা করে আধুনিক বাংলা কবিতায় তাঁর প্রভাব কতোখানি তা বিশ্লেষণ করে দেখাও।

( *গ* ) ডিকেন্সের রচনার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে বাংলা সাহিত্যে তাঁর প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

২। টীকা লেখো ( যে কেনো *দুটি* ) : ৫ × ২

( *ক* ) লুসি কবিতাগুচ্ছ

( *খ* ) ডন জুয়ান

( *গ* ) এন্ডিমিয়ন

( ঘ ) দ্য ওয়েস্ট ল্যাণ্ড

( ঙ ) হাইপিরিয়ন।

## দ্বিতীয়ার্ধ

[ মান : ৫০ ]

### ক-বর্গ

( *প্রাচ্য সাহিত্যতত্ত্ব* )

১। "বক্রোক্তিরেব বৈদগ্ধ্য ভঙ্গী ভনিতি রুচ্যতে" — উক্তিটির আলোকে প্রকারভেদসহ বক্রোক্তি বিষয়টি ব্যাখ্যা করো। ১৫

*অথবা*

রীতির উপর কাব্যত্ব কতখানি নির্ভর করে তা বিচার করো। ১৫

*অথবা*

ধ্বনি কী ? ধ্বনি কয় ধরনের ? প্রতিটি ধরনের দৃষ্টান্তসহ পরিচয় দাও। ১৫

২। যে কোনো *দু'টি* সম্পর্কে টীকা লেখো : ৫×২

(*ক*) গুনীভূত ব্যঙ্গঁ

(*খ*) সংকেতিত অর্থ

(*গ*) স্থায়ীভাব

(*ঘ*) বামনাচার্য

(*ঙ*) ওজ ও মাধুর্যগুণ।

## খ-বর্গ

( *পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব* )

১। যে কোনও *একটি* প্রশ্নের উত্তর দাও : ১৫

( *ক* ) অ্যারিস্টটল-এর সংজ্ঞার্থ উল্লেখ করে ট্র্যাজিডিতত্ত্ব প্রসঙ্গে আধুনিক সমালোচকদের প্রতিক্রিয়া বিবৃত করো।

( *খ* ) রোম্যানটিক যুগের সাহিত্যতত্ত্বের ধারাটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

( *গ* ) রুশ রূপায়ণবাদীদের বিশেষ উল্লেখ করে অবয়ববাদী সাহিত্যতত্ত্বের সার্থকতা বিচার করো।

২। টীকা লেখো (যে কোনো *দু'টি*) : ৫ + ৫

( *ক* ) প্লট

( *খ* ) সাব্লাইম

( গ ) নব্য-ক্ল্যাসিকাল সাহিত্যতত্ত্বে অনুকরণের ধারণা

( ঘ ) সমাজতান্ত্রিক বাস্তববাদের সাফল্য ও সীমাবদ্ধতা

( ঙ ) সাংগঠনিক মতবাদ ও উত্তর-সাংগঠনিক মতবাদের সম্পর্ক।

---